দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUL 1993
পৃষ্ঠা 12 কলাম 7

## পরীক্ষার খাতা অভিভাবকদেরকে দেখানো হউক

স্কুলে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার ফল, শিক্ষণীয় বিষয়ে কোথায় বা কিরূপ ভুল অথবা শিক্ষণীয় বিষয়টি কিরূপ আয়ত্ত হইল তাহা নির্ণয় করার জন্যই পরীক্ষা। পরীক্ষার পূর্বে শিক্ষকদের নির্দেশে ছাত্র-ছাত্রীকে পাঠ আয়ত্ত করিতে হয়। শিক্ষণীয় বিষয়টি কঠিন বা জটিল হইলে বাসায় অভিভাবকরা তাহা সহজ ও সরল ভাষায় বুঝানোর চেষ্টা করেন। পরীক্ষা শেষে আসে প্রাপ্ত নম্বর প্রকাশের পালা। কোন কোন স্কুলে নম্বর জানানোর সময় ছাত্র-ছাত্রীদের ক্লাসে কয়েক মিনিটের জন্য পরীক্ষার খাতা দেখার সুযোগ দিয়া তাহা ফেরত নেওয়া হয়। কিন্তু খাতাগুলি ২/৪ দিনের জন্য বাড়ীতে আনার অনুমতি দিলে অভিভাবকরাও দেখিতে পারিতেন কোন বিষয়ে ছেলে-মেয়েরা কি ভুল করিয়াছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাও নিতে পারিতেন। পূর্বে অধিকাংশ স্কুলে এই নিয়ম চালু ছিল।

একজন অভিভাবক হিসাবে এ ব্যাপারে শিক্ষা পরিদপ্তর ও সংশ্লিষ্ট স্কুলসমূহের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ মজিবুর রহমান, আহম্মদবাগ, ঢাকা।